

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭৫

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২৫. হাজর (আসওয়াদ) চুম্বন করা প্রসঙ্গে

بَاب فِي اسْتِلَام الْحَجَرِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ حَدَّثَنَا يَحْيَى عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ مَا تَرَكْتُ اسْتِلَامَ هَذَيْنِ الرُّكْنَيْنِ فِي شِدَّةٍ وَلَا رَخَاءٍ مُنْذُ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَلِمُهُمَا قُلْتُ لِنَافِعٍ أَكَانَ ابْنُ عُمَرَ يَمْشِي بَيْنَ الرُّكْنَيْنِ قَالَ إِنَّمَا كَانَ يَمْشِي لِيَكُونَ أَيْسَرَ فَلْتُ لِاسْتِلَامِهِ

বাংলা

১৮৭৫. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি যখন থেকে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে (তাওয়াফ করার সময়) এ দু'টি রুকন (রুকনে ইয়ামানী ও হাজরে আসওয়াদ)ইসতিলাম (চুম্বন) করতেদেখেছি- তখন থেকে আমি কষ্টকর হোক, কিংবা স্বাচ্ছন্দ্যময় হোক, কোনো অবস্থায়ই উক্ত রুকনদ্বয় ইসতিলাম করা বাদ দেইনি। (রাবী উবাইদুল্লাহ বলেন,) আমি নাফি'ঈ কে বললাম, ইবনু উমার কি এ দুই রুকনের মাঝে স্বাভাবিকভাবে হেটে যেতেন? তিনি বললেন, ইসতিলাম করা যাতে সহজ হয়, সেজন্য তিনি স্বাভাবিকভাবে হেটে যেতেন।[1]

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, হাজ্জ, ১৬০৬; মুসলিম, হাজ্জ১২৬৮;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৪৭৩; সহীহ ইবনু হিব্বান নং ৩৮২৭ ও মুসনাদুল হুমাইদী নং ৬৬৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন